



# শাহদৌলা সরকারি কলেজ

বাঘা, রাজশাহী।

উপজেলাঃ বাঘা, ডাকঘরঃ বাঘা, জেলাঃ রাজশাহী।



কলেজ কোড  
উচ্চ মাধ্যমিক- ১৪৫০  
ডিগ্রি ও অনার্স- ২৫১৮  
EIIN- 126255

মোবাইল- ০১৩০৯-১২৬২৫৫, ০১৫৫৮১৪৫৫৩৬ [Email- sgc.bagha@gmail.com](mailto:sgc.bagha@gmail.com), [www.sgc.ac.bd](http://www.sgc.ac.bd)

স্মারক : শা.স.ক/বাঘা/২০২১/১২৫

তারিখ : ১০/০৮/২০২১ খ্রিঃ

## এইচএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা শাহদৌলা সরকারি কলেজ, বাঘা রাজশাহীর ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারীর কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ঘরে বসে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার ফরমপূরণ ও পরীক্ষার ফি প্রদান সম্পূর্ণ রূপে **Online** এ প্রদান করতে হবে।

### পরীক্ষার ফরমপূরণের সময়সূচি:

অনলাইনে ফরমপূরণের সময়সূচি	শাখার নাম	ফরমপূরণের স্থান
১২/০৮/২০২১ থেকে ২৫/০৮/২০২১	বিজ্ঞান, মানবিক এবং ব্যবসায় শিক্ষা	সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে অনলাইনের মাধ্যমে পরীক্ষার ফরমপূরণ সম্পূর্ণ করতে হবে। কোন অবস্থাতেই পরীক্ষার্থী বা তার অভিভাবক স্ব-শরীরে কলেজে প্রবেশ করতে পারবে না। <b>প্রয়োজনে ০১৩০৯-১২৬২৫৫ নম্বরে ফোন করা যেতে পারে।</b>

### ১। পরীক্ষার্থীর করণীয়:

পরীক্ষার্থী অত্র কলেজে ভর্তির সময় প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসি'র রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি(SSC) রোল নম্বর, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদা ভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

### পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:

(ক) **SMS** এ প্রাপ্ত **LINK** ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া বোর্ডের ওয়েবসাইটের **Student Panel** থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

(খ) উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (**Sonali eSheba**) ব্যবহার করে **Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet** ইত্যাদির যে কোন একটি মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন **Visa Card, Master Card, American Express, Dbbl Nexus** ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (**MFS**) এর সার্ভিস চার্জও(বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্ট/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।

[বি:দ্র: নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।]

## ২। পরীক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি এর বিবরণ:

ক্রমিক	বিবরণ	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা
১.	বোর্ড ফি	৮০০.০০	৭৭০.০০	৭৭০.০০
২.	কেন্দ্র ফি	৩৬০.০০	৩০০.০০	৩০০.০০
৩.	প্রতিষ্ঠানের পাওনা	৭৪০.০০	৭৪০.০০	৭৪০.০০
সর্বমোট=		১৯০০.০০	১৮১০.০০	১৮১০.০০

[ বি: দ্র: মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক থাকলে বিষয় প্রতি আরও ৩০.০০ (ত্রিশ) টাকা যোগ হবে।]

বিস্তারিত তথ্যের জন্য কলেজের মোবাইল নম্বর ০১৩০৯-১২৬২৫৫ তে ফোন করা যেতে পারে।  
তাছাড়াও রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)  
অথবা শাহদৌলা সরকারি কলেজের ওয়েবসাইট [www.sgc.ac.bd](http://www.sgc.ac.bd) থেকেও জানা যাবে।



(মোহা: মোজাম্মেল হক)

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

শাহদৌলা সরকারি কলেজ

বাঘা, রাজশাহী।